২/৮/২০০৩

দৈনিক ইনকিলাব

তারিখ ............ পৃষ্ঠা ৭ কলাম ৮

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র ফাঁস

**স্টাফ রিপোর্টার ঃ** আগামী ৪ আগস্ট থেকে অনুষ্ঠেয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পার্ট-৩ পরীক্ষার ইতিহাস বিষয়ের ৬টি পত্রেরই প্রশ্নপত্র ফাঁস হবার অভিযোগ পাওয়া গেছে। এসব প্রশ্নপত্র বর্তমানে জগন্নাথ কলেজ, ঢাকা কলেজ, বদরুন্নেসা কলেজসহ দেশের প্রায় সকল অনার্স কলেজে বিভিন্ন মূল্যে বিক্রি হচ্ছে। কোন কোন ক্ষেত্রে মাত্র যে ৫টি প্রশ্ন লিখলে চলবে সেই পাঁচটি প্রশ্নই হুবহু পাওয়া যাচ্ছে। এই প্রশ্নপত্র ফাঁসের সাথে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শাখার একটি মহলের হাত রয়েছে বলে সন্দেহ করা হচ্ছে। বিষয়টি এখন ওপেন সিক্রেট।

ইতিহাস বিষয়ের ৬টি পত্রের যে নির্ধারিত প্রশ্ন সাজেশনের নামে বিভিন্ন কলেজে বিক্রি করা হচ্ছে তার মধ্যে ৪র্থ পত্রে রয়েছে- (১) প্রাচীন বাংলার ইতিহাসের প্রধান উপাদানসমূহ আলোচনা কর। (২) মাৎস্যন্যায় কি? উৎস উল্লেখ পূর্বক যে প্রেক্ষাপটে গোপাল ক্ষমতা লাভ করেন তা বিশ্লেষণ কর। (৩) বাংলার স্বাধীন সুলতানী সুদৃঢ়ীকরণে শামসুদ্দীন ইলিয়াস শাহের কৃতিত্ব আলোচনা কর। (৪) আলাউদ্দীন হোসেন শাহের কৃতিত্ব আলোচনা কর। (৫) সুবাদার শায়েস্তা খানের কৃতিত্ব আলোচনা কর। (৬) মুর্শিদ কুলি খানের রাজস্ব সংস্কার পর্যালোচনা কর। (৭) লক্ষণ সেনের রাজত্বকাল পর্যালোচনা কর। (৮) মুঘল শাসনামলে বাংলার আর্থ-সামাজিক অবস্থা বর্ণনা কর।

ইতিহাস ৫ম পত্র ঃ (১) আইয়ামে জাহেলিয়াত বলতে কি বুঝ? এই যুগে আরবের অর্থনৈতিক, রাজনৈতিক ও ধর্মীয় অবস্থার বিবরণ দাও। (২) বদরের যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর। (৩) মদীনা সনদ কি? এর শর্তাবলী আলোচনা কর। (৪) ইসলামের ত্রাণকর্তা হিসেবে আবু বকরের কৃতিত্ব আলোচনা কর। (৫) হযরত ওমরের শাসন ব্যবস্থা আলোচনা কর। (৬) আলী ও মুয়াবিয়ার মধ্যে গৃহযুদ্ধের বিবরণ দাও। আলীর ব্যর্থতার করণ কি? (৭) শাসক হিসেবে খলিফা আল-মামুনের কৃতিত্ব (জ্ঞান-বিজ্ঞানে) বর্ণনা কর। (৮) খলিফা হারুন অর রশিদের কৃতিত্ব পর্যালোচনা কর।

ইতিহাস ৬ষ্ঠ পত্র ঃ (১) সভ্যতা বলতে কি বুঝ? মানব সভ্যতা বিকাশে নিম্নলিখিত অবদানগুলো বিশ্লেষণ কর- (ক) আগুনের আবিষ্কার, (খ) কৃষির উদ্ভাবন, (গ) লিখন পদ্ধতি, (ঘ) ধাতুর ব্যবহার। (২) সভ্যতার বিকাশে সুমেরীয়দের অবদান আলোচনা কর। (৩) মিশরীয়দের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবন আলোচনা কর। (৪) মানব সভ্যতা বিকাশে ব্যাবীলনীয়দের অবদান আলোচনা কর। (৫) কনফুসিয়াসের মূলনীতি বিশ্লেষণ কর। চীনা সমাজের উপর এর প্রভাব নির্ণয় কর। (৬) পোপতন্ত্র কাকে বলে? এর উদ্ভব ও বিকাশ পর্যালোচনা কর। (৭) বিজ্ঞান ও দর্শনে গ্রীকদের অবদান আলোচনা কর। (৮) মধ্যযুগে বিশ্ববিদ্যালয়ের উত্থান ও সামাজিক অবদান আলোচনা কর।

এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, পরীক্ষার দিনে আমরা মূল প্রশ্নপত্রের সাথে কথিত ফাঁসকৃত প্রশ্নপত্র মিলিয়ে দেখবো। যদি হুবহু মিলে যায় তবে আমরা ঐ পরীক্ষা বাতিল করবো এবং তদন্তের ব্যবস্থা নেবো। তবে প্রশ্নপত্রে উল্লেখিত ১০টি প্রশ্নই যদি হুবহু না মেলে তবে কোন ব্যবস্থা নেয়া হবে না। এটিকে সাজেশন হিসেবে ধরে নেয়া হবে।